# 3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2024 (CCFUP)

## Subject : Bengali

## Course : BENG1011 (MAJOR)

4368

(সাহিত্য : প্রাথমিক ধারণা)



সময় : ৩ ঘণ্টা  পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) ব্যঙ্গ মহাকাব্য (Mock Epic) কাকে বলে? একটি বাংলা ব্যঙ্গ মহাকাব্যের উদাহরণ দাও।

(খ) 'ট্র্যাজেডি' শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে? সেই শব্দটির মূল অর্থ কী?

(গ) শান্তিনিকেতন পর্বে রবীন্দ্রনাথের লেখা দুটি নাটকের নাম উল্লেখ করো।

(ঘ) রবীন্দ্রনাথের 'অতিথি' গল্পটি কোন পত্রিকায়, কত সালে প্রথম প্রকাশিত হয়?

(ঙ) 'তাজমহল' গল্পে বৃদ্ধের স্ত্রী কোন রোগে আক্রান্ত ছিলেন?

(চ) 'ঝর্ণা' কবিতায় ঝরনাকে 'তরলিত চন্দ্রিকা' বলা হয়েছে কেন?

(ছ) 'বাংলা কাব্যের গোড়ার কথা' কার লেখা? এটি তাঁর কোন গ্রন্থ থেকে গৃহীত?

(জ) "ও তোর সতীন হল।" — বক্তা কে? কে, কার 'সতীন' হল?

(ঝ) "নাম পরতাপে যার ঐছন করল গো...।" — 'পরতাপ' ও 'ঐছন' শব্দের অর্থ লেখো।

(ঞ) পঞ্চাঙ্ক নাটকের প্লটের পাঁচটি অংশ বা পর্যায়ের নাম লেখো।

(ট) উপন্যাসের আখ্যান-নির্মাণে ঔপন্যাসিক সাধারণত কয় ধরনের রীতি বা কৌশল বেছে নেন? কী কী?

(ঠ) বাংলায় লেখা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের দুটি ইতিহাস-আশ্রিত উপন্যাসের নাম লেখো।

(ড) "কাণ্ডারী! তব সম্মুখে ওই পলাশীর প্রান্তর।" — 'পলাশীর প্রান্তর'-এ কবে কী হয়েছিল?

(ঢ) 'আমাদের ভাষা-সংকট' প্রবন্ধে লেখক ভাষা ব্যবহারের ক্ষেত্রে দু-রকম চুরির কথা বলেছেন। দু-রকম চুরি কী কী?

(ণ) নবনীতা দেবসেন-এর 'লগ্ন' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত? কাব্যটির প্রকাশকাল উল্লেখ করো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ট্র্যাজেডি ও মেলোড্রামার পার্থক্যটি বুঝিয়ে দাও।

(খ) আদি মহাকাব্য ও সাহিত্যিক মহাকাব্যের পার্থক্য লেখো।

(গ) 'বাংলা কাব্যের গোড়ার কথা' প্রবন্ধটির মূল বক্তব্য আলোচনা করো।

(ঘ) ''সই কেবা শুনাইল শ্যামনাম।'' — পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।

(ঙ) বনফুল-এর 'তাজমহল' গল্পে ফকির শা-জাহান-এর পত্নীপ্রেম কীভাবে মহিমান্বিত হয়েছে, গল্পের কাহিনি অনুসরণ করে সেটি আলোচনা করো।

(চ) 'নারী ও নাগিনী' গল্পের খোঁড়া শেখ চরিত্রটির বিশিষ্টতা আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) আত্মজীবনীমূলক উপন্যাস কাকে বলে? একটি বাংলা আত্মজীবনীমূলক উপন্যাসের আলোচনা করো।

(খ) বিমল কর-এর 'জননী' গল্পে মায়ের মৃত্যুর পর সন্তানদের স্মৃতিতর্পণের মধ্যে দিয়ে একজন রক্তমাংসের মা কীভাবে নতুন রূপ পেয়েছে তা আলোচনা করে দেখাও।

(গ) ইতিহাসের প্রচলিত একটি আখ্যান অবলম্বন করে কবি শঙ্খ ঘোষ 'বাবরের প্রার্থনা' কবিতায় চিরন্তন পিতৃসত্তার যে পরিচয় দিয়েছেন, তা নিজের ভাষায় লেখো।

(ঘ) বুদ্ধদেব বসু তাঁর 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে নজরুল ইসলাম এবং সত্যেন্দ্রনাথ দত্তের কবিপ্রতিভার যে মূল্যায়ন করেছেন, তা নিজের ভাষায় লেখো।

———

**3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2024 (CCFUP)**

**Subject : Bengali**

**Course : BENG1021 (MINOR)**

5347

**(সাহিত্য : প্রাথমিক ধারণা)**

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৬০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) মহাকাব্য কাকে বলে?

(খ) গাথাকাব্য বলতে কী বোঝো?

(গ) ট্র্যাজেডি কাকে বলে? একটি বাংলা ট্র্যাজেডি নাটকের নাম লেখো।

(ঘ) উপন্যাসের লক্ষণগুলি লেখো।

(ঙ) "পতঙ্গ যে রঙ্গে ধায়" — উদ্ধৃত কবিতাংশের বক্তব্যটি বুঝিয়ে দাও।

(চ) 'সোনার তরী' কবিতাটি কোন কবির কোন কাব্যগ্রন্থের কবিতা?

(ছ) "মুখ তার শ্রাবস্তীর কারুকার্য" — কোন কবিতার অংশ? শ্রাবস্তী কী?

(জ) 'কৈফিয়ৎ' কথার অর্থ কী? এখানে কার কৈফিয়তের কথা বলা হয়েছে?

(ঝ) "রসি বামনি এখনি মরছে না।" রসি বামনি কে? কাকে সে একথা বলেছে?

(ঞ) ঠাকুরদাস মুখুজ্জে কোন গল্পের চরিত্র? তার কয়জন ছেলে-মেয়ে?

(ট) 'চিকিৎসা সংকট' গল্পে চিকিৎসকদের নাম লেখো।

(ঠ) 'মাদার ইন্ডিয়া' গল্প কার লেখা? মাদার ইন্ডিয়ার বয়স কত?

(ড) ব্রত কয়প্রকার ও কী কী?

(ঢ) 'ভাদুলি' কী?

(ণ) 'আমাদের ভাষা-সংকট' প্রবন্ধটি কোন পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) প্রহসনকে ইংরেজিতে কী বলে? প্রহসনের বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) ব্যক্তিগত প্রবন্ধ কাকে বলে? এই ধারার প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি লেখো।

(গ) 'সোনার তরী' কবিতায় বর্ষা প্রকৃতির যে রূপ ফুটে উঠেছে, তা নিজের ভাষায় লেখো।

(ঘ) 'চিকিৎসা সংকট' গল্পে নন্দবাবুর বন্ধুদের পরিচয় দাও।

(ঙ) 'মাদার ইন্ডিয়া' গল্পে যেভাবে প্রান্তিক বর্গের মানুষের কথা উঠে এসেছে, তা আলোচনা করো।

(চ) 'বাংলার ব্রত' প্রবন্ধানুসারে 'অন্যব্রত'দের ব্রতের সঙ্গে আর্যদের কামনার তুলনামূলক আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) আখ্যান কাব্য কাকে বলে? এই ধারার কাব্যের বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) 'আত্মবিলাপ' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'রসময়ীর রসিকতা' গল্প অবলম্বনে ক্ষেত্রমোহন চরিত্রটি বিচার করো।

(ঘ) 'আমাদের ভাষা-সংকট' প্রবন্ধটি কার রচনা? প্রবন্ধটির মূল বক্তব্য সংক্ষেপে লেখো।

———

526



## 3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2024
## (under CCFUP of NEP 2020)

**Time: 1½ Hours** | **Subject : BENGALI** | **Full Marks: 40**

**Course: Multi/Interdisciplinary** | **Course Code : BENG1031 (MDC/IDC)** | **Course Title : কবিতা, নাটক, গল্প, প্রবন্ধ**

Roll No.: ............................................... Registration No. ........................................ of 20

### INSTRUCTIONS TO THE EXAMINEE

1. The Question-cum-Answer Booklet comprised of 40 Questions and each Question carrying 1 (one) mark.
2. Each Question possesses 4 (four) Answer Options (A), (B), (C) and (D) of which only one option bears Correct Answer.
3. Completely darken the respective circle for your response as shown below—

     
   Correct method ● Wrong method ✓ ⊗ ◐
4. Each Correct Answer will be credited with 1 (One) Mark.
5. If an Examinee attempts more than one Option for a Question, the attempt will be considered as WRONG Answer.
6. No Mark will be deducted for attempting Wrong Answer or Incorrect attempts.
7. Only Blue/Black Ink Pen is to be used for Answering Question.
8. No Electronic Gadget (Calculator, Mobile Phone, Laptop, I-Pad, Camera etc.), Papers (Other than Admit Card) will be allowed inside the Examination Hall.
9. No Loose sheet will be provided for scribbling and No Paper is to brought in this purpose. Any Examinee found with incriminating Documents in his/her possession– he/she will be Expelled.
10. All rough work must be done in the page provided in the Question-Answer-Booklet, and the said Page of the Booklet **must not be torn out.**
11. No Examinee will be allowed to leave the Examination Hall until an Hour has elapsed from the commencement of the Examination.
12. As per order of the Executive Council all Answer Scripts will be preserved for one year from the date of Publication of Results.

১. Question-cum-Answer Booklet-এ মোট ৪০টি প্রশ্ন আছে এবং প্রতিটি প্রশ্নের মান ১ (এক)।

২. প্রতিটি প্রশ্নের জন্য ৪ (চার)টি করে Option (A), (B), (C) এবং (D) থাকবে, এর মধ্যে একটি সঠিক উত্তর নির্দেশ করবে।

৩. সঠিক উত্তরের জন্য নির্দিষ্ট বৃত্তটিকে সম্পূর্ণ রূপে কালো করতে হবে তা নীচে দেখানো হল—

      
   সঠিক পদ্ধতি ● ভুল পদ্ধতি ✓ ⊗ ◐

৪. প্রতিটি সঠিক উত্তরের মান ১ (এক)।

৫. যদি কোনো পরীক্ষার্থী একটি প্রশ্নের একাধিক উত্তর দেয় তাহলে সেটি ভুল উত্তর হিসেবে গণ্য হবে।

৬. ভুল উত্তরের জন্য কোনো নম্বর বাদ যাবে না।

৭. উত্তর লেখার জন্য কেবলমাত্র নীল অথবা কালো কালির কলম ব্যবহার করা যাবে।

৮. পরীক্ষাকেন্দ্রের মধ্যে কোনো ইলেকট্রনিক্স যন্ত্রাদি (ক্যালকুলেটর, মোবাইল ফোন, ল্যাপটপ, আই-প্যাড, ক্যামেরা ইত্যাদি), কাগজ (কেবলমাত্র অ্যাডমিট কার্ড ছাড়া) নিয়ে প্রবেশ নিষেধ।

৯. হিজিবিজি বা রাফ লেখার জন্য কোনো বাড়তি কাগজ দেওয়া যাবে না এবং এই উদ্দেশ্যে কোনো কাগজ আনা যাবে না। কোনো পরীক্ষার্থীর কাছে নকল-এর মতো অপরাধমূলক কাগজ থাকলে সেই ছাত্র/ছাত্রীকে বহিষ্কার করা হবে।

১০. সমস্ত 'রাফ ওয়ার্ক' প্রশ্ন-উত্তর-পুস্তিকার সঙ্গে থাকা নির্দিষ্ট পাতাতেই করতে হবে এবং **উত্তরপত্র জমা দেবার সময় পাতাটি ছিঁড়ে নেওয়া যাবে না।**

১১. পরীক্ষা শুরু থেকে এক ঘণ্টা সময় অতিবাহিত না হলে কোনো পরীক্ষার্থী পরীক্ষার হল থেকে বের হতে পারবে না।

১২. বিশ্ববিদ্যালয় কর্ম সমিতি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে পরীক্ষার ফল প্রকাশের দিন থেকে এক বছরের জন্য উত্তরপত্র সংরক্ষিত থাকবে।

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*নীচের প্রশ্নগুলির ঠিক উত্তরটি নির্বাচন করো।*                                    1×40=40

**1.** "একদিন নদীতটে কুড়ায়ে পেয়েছি বটে..."— কী কুড়ায়ে পেয়েছিলেন?

(A) গুপ্তধনের সংকেত

(B) মণিমাণিক্য

(C) পরশমাণিক

(D) ঠাকুরের মূর্তি

**2.** "চিন্তিতের কানে কানে কহে কত কী যে!"— 'স্পর্শমণি' কবিতায় কোন নদী কানে কানে কথা কয়?

(A) শিপ্রা

(B) নর্মদা

(C) বিপাশা

(D) যমুনা

**3.** 'স্পর্শমণি' কবিতায় কোন জেলার উল্লেখ আছে?

(A) মালদহ

(B) বর্ধমান

(C) পুরুলিয়া

(D) মেদিনীপুর

**4.** "চূর্ণ এ ________ পৃথিবী"— শূন্যস্থান পূরণ করো।

(A) যুদ্ধের

(B) লৌহের

(C) যন্ত্রণার

(D) মানুষের

**5.** " ________ আজ নহে তো, / এ যুগের চাঁদ হল কাস্তে!"— শূন্যস্থান পূরণ করো।

(A) চাঁদের শতক

(B) প্রেমের শতক

(C) ধর্মের শতক

(D) যুদ্ধের শতক

**6.** চারিদিকে চেয়ে কবি জীবনানন্দ কীসের স্তূপ দেখেছেন?

(A) দুঃখের

(B) পল্লবের

(C) আনন্দের

(D) বিস্ময়ের

**7.** বেহুলা কার মতো নেচেছিল ইন্দ্রের সভায়?

(A) আহত দোয়েলের মতো

(B) কাতর কাকাতুয়ার মতো

(C) ছিন্ন খঞ্জনার মতো

(D) বিহ্বল বুলবুলির মতো

**8.** 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় যে ডিঙার উল্লেখ আছে তার নাম কী?

(A) মধুকর ডিঙা

(B) ময়ূরপঙ্খী ডিঙা

(C) জলপরী ডিঙা

(D) মেঘবালিকা ডিঙা

**9.** "তারপর ________ কাছে ফিসফিস ক'রে বলল"— শূন্যস্থানের পূরণ করো।

(A) পিঠের কাছে

(B) কানের কাছে

(C) নৈঃশব্দ্যের কাছে

(D) প্রেমের কাছে

**10.** "দেখি চুল এলো করে কে বসেছিল?"— কার কথা বলা হয়েছে?

(A) এক গেরুয়াধারী সাধু

(B) এক বালিকা কন্যা

(C) এক গুরুমাতা

(D) এক পরমাসুন্দরী রাজকন্যা

21. 'নালক' কাহিনি অনুসারে বুদ্ধদেবের জন্ম কোথায় হয়েছিল?

(A) বুদ্ধগয়ায়
(B) সারনাথে
(C) কপিলাবস্তুতে
(D) সিংহলে

22. 'নালক' কাহিনি অনুসারে বুদ্ধদেবের মায়ের নাম কী ছিল?

(A) অঞ্জনা দেবী
(B) মায়া দেবী
(C) পুষ্পলতা দেবী
(D) দেবী মায়াবতী

23. নালক কোন ঋষির জন্য দিন গুনছিল?

(A) দেবল ঋষি
(B) বিশ্বামিত্র ঋষি
(C) দুর্বাসা ঋষি
(D) ঋষি উদ্দালক

24. নালককে আশীর্বাদ করে ঋষি কী বলেছিলেন?

(A) দৃঢ় হও, সাহসী হও।
(B) সুখী হও, মুক্ত হও।
(C) ধনী হও, কৃপণ হও।
(D) উপরের কোনোটিই নয়

25. 'নালক' কাহিনি অনুসারে বুদ্ধদেবের পিতা ছিলেন—

(A) রাজা প্রতাপাদিত্য
(B) রাজা বিজয়াদিত্য
(C) রাজা অমিতজয়ী
(D) রাজা শুদ্ধোধন

26. 'তালনবমী' গল্পে শিবু বাড়ুজ্জ্যের ছেলের নাম কী ছিল?

(A) কাঞ্চন
(B) অনন্ত
(C) শিবু
(D) মতি

27. হরিমতিকে গ্রামের ছেলে-মেয়ে কী নামে ডাকত?

(A) ঠানদিদি
(B) জটি পিসীমা
(C) রাঙা বৌ
(D) নতুন কাকি

28. গোপালের স্বপ্নে কোন কোন খাবারের কথা আছে?

(A) তিলপিটুলি, তালের বড়া আর পায়েস
(B) পোলাও, মাংস আর মাছভাজা
(C) লুচি, আলুর দম আর মিষ্টি
(D) ফলপ্রসাদ আর সিন্নি

29. লাঙল ঘাড়ে সকালে উঠে কে চলেছিল?

(A) গণেশ কাওড়া
(B) উদ্ধব সাঁতরা
(C) মহেশ কুর্মি
(D) কালু সেখ

30. লাবণ্যদি কে?

(A) নেপালের দিদি
(B) হরিমতির ননদ
(C) নটবর মুখুজ্জ্যের বড়ো মেয়ে
(D) কালীবর বাড়ুজ্জ্যের বউমা

**31.** 'বড়বাজার' রচনায় প্রথমদিন যখন প্রসন্ন গোয়ালিনী মূল্য চেয়েছিল তখন কমলাকান্ত কী করেছিল?

(A) বিস্মিত হয়েছিল

(B) রসিকতা করে উড়িয়ে দিয়েছিল

(C) গালি দিয়েছিল

(D) মুখের উপর দরজা বন্ধ করে দিয়েছিল

**32.** 'বড়বাজার' রচনাটি অনুসারে কীসের মাত্রা বাড়াবার পর কমলাকান্তের জ্ঞাননেত্র ফুটেছিল?

(A) খাবারের

(B) ওষুধের

(C) মদ্যের

(D) আফিমের

**33.** 'বড়বাজার' প্রবন্ধে পুরোহিতকে কীসের দালাল বলা হয়েছে?

(A) ধর্মের

(B) নীতির

(C) মাছের

(D) জাতির

**34.** সাহিত্যের বাজারে বাল্মীকি প্রভৃতি ঋষিগণ কোন জিনিস বিক্রি করছিলেন?

(A) জ্ঞানবৃক্ষের ফল

(B) সংস্কৃত পুস্তক

(C) মনুসংহিতা

(D) অমৃতফল

**35.** 'বড়বাজার' রচনায় কমলাকান্ত 'যশ' বিক্রির বাজারকে কোন নামে অভিহিত করেছেন?

(A) কলুপটি

(B) ময়রাপটি

(C) মেছোহাটা

(D) রূপের বাজার

**36.** 'বিড়াল' রচনা অনুসারে বিড়ালকে কমলাকান্ত আর কী নামে ডেকেছিল?

(A) বিড়ালতপস্বী

(B) সহিষ্ণু বিড়াল

(C) লোভী-মার্জার

(D) মার্জার সুন্দরী

**37.** "পরোপকারই পরমধর্ম" — তোমাদের পঠিত কোন রচনায় এই বাক্যটি আছে?

(A) তালনবমী

(B) বিড়াল

(C) বড়বাজার

(D) নালক

**38.** "তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক!"— কে, কাকে বলেছেন?

(A) রাজা শুদ্ধোধন নালককে

(B) কমলাকান্ত প্রসন্ন গোয়ালিনীকে

(C) কমলাকান্ত বিড়ালকে

(D) নেপাল গোপালকে

**39.** চোরকে ফাঁসি দেবার আগে বিচারকের জন্য কোন নিয়মের কথা 'বিড়াল' বলেছিল?

(A) পূজা করতে হবে

(B) তিনদিন উপবাস করতে হবে

(C) ডাইরি লিখতে হবে

(D) চোরের সাথে আলাপ করতে হবে

**40.** "আমি তোমার ধর্মসঞ্চয়ের মূলীভূত কারণ।"— কে, কাকে একথা বলেছে?

(A) বিড়াল বলেছে কমলাকান্তকে।

(B) নসীরামবাবু বলেছেন কমলাকান্তকে।

(C) বিচারক বলেছেন কমলাকান্তকে।

(D) পুলিশ বলেছে কমলাকান্তকে।

13991

**BENG1041**

## 3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2024
## (under CCFUP of NEP 2020)

**Time: 1½ Hours** | **Subject : BENGALI** | **Full Marks: 40**

**Course: AEC** | **Course Code : BENG1041 (AEC)** | **Course Title : সাহিত্যের বোধ ও বিচার**

Roll No.: ................................................ Registration No. ......................................... of 20

### INSTRUCTIONS TO THE EXAMINEE

1. The Question-cum-Answer Booklet comprised of 40 Questions and each Question carrying 1 (one) mark.
2. Each Question possesses 4 (four) Answer Options (A), (B), (C) and (D) of which only one option bears Correct Answer.
3. Completely darken the respective circle for your response as shown below—

   Correct method ● Wrong method   
4. Each Correct Answer will be credited with 1 (One) Mark.
5. If an Examinee attempts more than one Option for a Question, the attempt will be considered as WRONG Answer.
6. No Mark will be deducted for attempting Wrong Answer or Incorrect attempts.
7. Only Blue/Black Ink Pen is to be used for Answering Question.
8. No Electronic Gadget (Calculator, Mobile Phone, Laptop, I-Pad, Camera etc.), Papers (Other than Admit Card) will be allowed inside the Examination Hall.
9. No Loose sheet will be provided for scribbling and No Paper is to brought in this purpose. Any Examinee found with incriminating Documents in his/her possession– he/she will be Expelled.
10. All rough work must be done in the page provided in the Question-Answer-Booklet, and the said Page of the Booklet __**must not be torn out.**__
11. No Examinee will be allowed to leave the Examination Hall until an Hour has elapsed from the commencement of the Examination.
12. As per order of the Executive Council all Answer Scripts will be preserved for one year from the date of Publication of Results.

১. Question-cum-Answer Booklet-এ মোট ৪০টি প্রশ্ন আছে এবং প্রতিটি প্রশ্নের মান ১ (এক)।

২. প্রতিটি প্রশ্নের জন্য ৪ (চার)টি করে Option (A), (B), (C) এবং (D) থাকবে, এর মধ্যে একটি সঠিক উত্তর নির্দেশ করবে।

৩. সঠিক উত্তরের জন্য নির্দিষ্ট বৃত্তটিকে সম্পূর্ণ রূপে কালো করতে হবে তা নীচে দেখানো হল—

সঠিক পদ্ধতি ● ভুল পদ্ধতি  

৪. প্রতিটি সঠিক উত্তরের মান ১ (এক)।

৫. যদি কোনো পরীক্ষার্থী একটি প্রশ্নের একাধিক উত্তর দেয় তাহলে সেটি ভুল উত্তর হিসেবে গণ্য হবে।

৬. ভুল উত্তরের জন্য কোনো নম্বর বাদ যাবে না।

৭. উত্তর লেখার জন্য কেবলমাত্র নীল অথবা কালো কালির কলম ব্যবহার করা যাবে।

৮. পরীক্ষাকেন্দ্রের মধ্যে কোনো ইলেকট্রনিক্স যন্ত্রাদি (ক্যালকুলেটর, মোবাইল ফোন, ল্যাপটপ, আই-প্যাড, ক্যামেরা ইত্যাদি), কাগজ (কেবলমাত্র অ্যাডমিট কার্ড ছাড়া) নিয়ে প্রবেশ নিষেধ।

৯. হিজিবিজি বা রাফ লেখার জন্য কোনো বাড়তি কাগজ দেওয়া যাবে না এবং এই উদ্দেশ্যে কোনো কাগজ আনা যাবে না। কোনো পরীক্ষার্থীর কাছে নকল-এর মতো অপরাধমূলক কাগজ থাকলে সেই ছাত্র/ছাত্রীকে বহিষ্কার করা হবে।

১০. সমস্ত 'রাফ ওয়ার্ক' প্রশ্ন-উত্তর-পুস্তিকার সঙ্গে থাকা নির্দিষ্ট পাতাতেই করতে হবে এবং **উত্তরপত্র জমা দেবার সময় পাতাটি ছিঁড়ে নেওয়া যাবে না।**

১১. পরীক্ষা শুরু থেকে এক ঘণ্টা সময় অতিবাহিত না হলে কোনো পরীক্ষার্থী পরীক্ষার হল থেকে বের হতে পারবে না।

১২. বিশ্ববিদ্যালয় কর্ম সমিতি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে পরীক্ষার ফল প্রকাশের দিন থেকে এক বছরের জন্য উত্তরপত্র সংরক্ষিত থাকবে।

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*নীচের প্রশ্নগুলির ঠিক উত্তরটি নির্বাচন করো।* 1×40=40

**1.** ‘নৈবেদ্য’ কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়?

(A) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরকে
(B) মধুসূদন দত্তকে
(C) দেবেন্দ্রনাথ ঠাকুরকে
(D) বিহারীলাল চক্রবর্তীকে

**2.** ‘নৈবেদ্য’ কথাটির অর্থ কী?

(A) দেশমাতৃকার প্রতি অর্ঘ্য
(B) পিতা-মাতার প্রতি অর্ঘ্য
(C) দেবতার উদ্দেশে নিবেদিত শ্রদ্ধার্ঘ্য
(D) গুরুজনদের প্রতি অর্ঘ্য

**3.** ‘বৈরাগ্য সাধনে মুক্তি’ নৈবেদ্য কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?

(A) ৭২ সংখ্যক
(B) ৩০ সংখ্যক
(C) ৬৪ সংখ্যক
(D) ৯২ সংখ্যক

**4.** ফটিকের মামার বাড়ি কোথায়?

(A) শান্তিনিকেতনে
(B) সিমলায়
(C) সাজাদপুরে
(D) কলকাতায়

**5.** “এই অকাল-তত্ত্বজ্ঞানী মানব সকলপ্রকার ক্রীড়ার অসারতা সম্বন্ধে নীরবে চিন্তা করিতে লাগিল।” — এই ‘অকাল তত্ত্বজ্ঞানী’ কে?

(A) মাখনলাল
(B) বিশ্বম্ভর বাবু
(C) ফটিক
(D) ফটিকের মামী

**6.** ‘স্বদেশী সমাজ’ প্রবন্ধটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(A) অমৃতবাজার
(B) সম্বাদ প্রভাকর
(C) নবপর্যায় বঙ্গদর্শন
(D) বালক

**7.** ‘স্বদেশী সমাজ’ প্রবন্ধটি রবীন্দ্রনাথ ঠাকুর প্রথম কোথায় পাঠ করেন?

(A) উৎসব মঞ্চে
(B) স্টার থিয়েটারে
(C) বহুরূপী রঙ্গমঞ্চে
(D) মিনার্ভা রঙ্গমঞ্চে

**8.** ‘মিকাডো’ কী?

(A) চীন দেশের রাজশক্তি
(B) জাপানের রাজশক্তি
(C) আমেরিকার প্রশাসন
(D) ব্রিটেনের রাজশক্তি

**9.** ‘বর্তিকা’ শব্দের অর্থ কী?

(A) চন্দ্র
(B) সূর্য
(C) শিখা
(D) জ্যোৎস্না

**10.** ‘শতাব্দীর সূর্য আজি’ কবিতাটিতে কোন ছন্দরীতি লক্ষ করা যায়?

(A) দলবৃত্ত
(B) মিশ্রকলাবৃত্ত
(C) স্বরবৃত্ত
(D) মুক্তক

11. বুয়র যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংগঠিত হয়?

(A) ১৯০০ খ্রিস্টাব্দে
(B) ১৯১০ খ্রিস্টাব্দে
(C) ১৯০৫ খ্রিস্টাব্দে
(D) ১৯২০ খ্রিস্টাব্দে

12. 'দিবসশর্বরী' শব্দটির অর্থ কী?

(A) সকাল-বিকেল
(B) সন্ধ্যা
(C) দিনরাত্রি
(D) ভোরবেলা

13. "পশিত আত্মীয় রূপে" — 'পশিত' শব্দের অর্থ কী?

(A) গ্রহণ করা
(B) আবদ্ধ রাখা
(C) বাহির করা
(D) প্রবেশ করা

14. "বসুধারে রাখে নাই __________ ক্ষুদ্র করি" শূন্যস্থান পূরণ করো।

(A) বাহির
(B) খণ্ড
(C) মুক্ত
(D) তুচ্ছ

15. 'শক্তিদম্ভ স্বার্থ লোভ' কবিতাটি রবীন্দ্রনাথ কোন প্রেক্ষাপটে রচনা করেছিলেন?

(A) স্বাধীনতা আন্দোলন
(B) পলাশির যুদ্ধ
(C) সিপাহি বিদ্রোহ
(D) পাশ্চাত্য সাম্রাজ্যবাদী শক্তির দম্ভ-আস্ফালন প্রসঙ্গে

16. 'নৈবেদ্য' কাব্য রচনা বিষয়ে রবীন্দ্রনাথ কাকে পত্র লিখেছিলেন?

(A) জগদীশচন্দ্র বসু
(B) ইন্দিরা দেবী
(C) প্রশান্তচন্দ্র মহলানবীশ
(D) অবনীন্দ্রনাথ ঠাকুর

17. ফটিকের বয়স কত?

(A) ১২–১৩ বছর
(B) ১৩–১৪ বছর
(C) ১৪–১৫ বছর
(D) ১৫–১৬ বছর

18. "একটি অর্ধবয়সী ভদ্রলোক কাঁচা গোঁফ এবং পাকা চুল লইয়া বাহির হইয়া আসিলেন।" — ভদ্রলোকের নাম কী?

(A) বিশ্বম্ভর বাবু
(B) ফণিভূষণ বাবু
(C) ফটিক চক্রবর্তী
(D) মাখনলাল চক্রবর্তী

19. 'বলাই' গল্পটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(A) 'ভারতী' পত্রিকায়
(B) 'সম্বাদ প্রভাকর' পত্রিকায়
(C) 'নবপর্যায় বঙ্গদর্শন' পত্রিকায়
(D) 'প্রবাসী' পত্রিকায়

20. 'বলাই' গল্পটি কত সালে প্রকাশিত হয়?

(A) ১৩২৫ বঙ্গাব্দে
(B) ১৩৪২ বঙ্গাব্দে
(C) ১৩৩৫ বঙ্গাব্দে
(D) ১৩৪৩ বঙ্গাব্দে

**21.** 'বলাই' গল্পটি রবীন্দ্রনাথ প্রথম কোথায়, কোন উৎসব উপলক্ষ্যে পাঠ করেছিলেন?

(A) শান্তিনিকেতনে বৃক্ষরোপণ উৎসবে

(B) জোড়াসাঁকোয় দুর্গোৎসবে

(C) রবীন্দ্রভারতীতে দোল উৎসবে

(D) বিশ্বভারতীতে বসন্ত উৎসবে

**22.** বলাইয়ের বাবা বিলেত গিয়েছিলেন কেন?

(A) ডাক্তারি পড়াতে

(B) দেশভ্রমণ করতে

(C) ইঞ্জিনিয়ারিং শিখতে

(D) ব্যবসার প্রয়োজনে

**23.** 'মণিহারা' গল্পের কথক কে?

(A) দুর্গামোহন

(B) ইস্কুলমাস্টার

(C) ফণিভূষণ

(D) মণিমালিকা

**24.** দুর্গামোহন সাহা কে?

(A) ফণিভুষণের কাকা

(B) ফণিভুষণের বাবা

(C) ফণিভুষণের দাদু

(D) ফণিভুষণের মামা

**25.** 'শিঞ্জিত' শব্দের অর্থ কী?

(A) ছন্দের ধ্বনি

(B) অলংকারের ধ্বনি

(C) বই পড়ার সময় পাতা ওল্টানোর শব্দ

(D) গানের সুর

**26.** গল্পের কথক প্রথম যেদিন কঙ্কালের উপস্থিতি টের পেয়েছিল সেদিন কী তিথি ছিল?

(A) জন্মাষ্টমী

(B) কৃষ্ণপক্ষের দশমী

(C) অমাবস্যা

(D) শুক্লপক্ষের দশমী

**27.** ফণিভুষণের জন্মস্থান কোথায়?

(A) তারকেশ্বর

(B) ফুলবেড়ে

(C) বর্ধমান

(D) জামালপুর

**28.** 'মহাভাষ্য' গ্রন্থটির রচয়িতা কে?

(A) শূদ্রক

(B) বাণভট্ট

(C) পতঞ্জলি

(D) ভরত

**29.** অস্কার ওয়াইল্ড কোন দেশের লেখক?

(A) ভারতীয় লেখক

(B) জার্মানির লেখক

(C) ফ্রান্সের লেখক

(D) ইংল্যান্ডের লেখক

**30.** 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(A) 'প্রচার' পত্রিকায়

(B) 'উদ্বোধন' পত্রিকায়

(C) 'নবপর্যায় বঙ্গদর্শন' পত্রিকায়

(D) 'পরিচয়' পত্রিকায়

31. 'নাট্যশাস্ত্র' গ্রন্থটির লেখক কে?
(A) শংকরাচার্য
(B) কুন্তক
(C) ভরত
(D) অভিনবগুপ্ত

32. প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী?
(A) টেকচাঁদ ঠাকুর
(B) কমলাকান্ত
(C) ভানুসিংহ ঠাকুর
(D) বীরবল

33. 'সিকির সিকি' বলতে কত অংশকে বোঝায়?
(A) এক-তৃতীয়াংশের তৃতীয়াংশ
(B) এক-চতুর্থাংশের তৃতীয়াংশ
(C) এক-চতুর্থাংশের চতুর্থাংশ
(D) এক-দ্বিতীয়াংশের তৃতীয়াংশ

34. 'বইপড়া' প্রবন্ধে 'উদাসীন গ্রন্থকীট' বলতে কাকে বোঝানো হয়েছে?
(A) রবীন্দ্রনাথ ঠাকুর
(B) সুরেশচন্দ্র সমাজপতি
(C) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
(D) প্রমথ চৌধুরী

35. 'স্ত্রী জাতির অবনতি' প্রবন্ধটির মূলগ্রন্থ কোনটি?
(A) রোকেয়া প্রবন্ধাবলি
(B) মতিচুর গ্রন্থ
(C) পদ্মরাগ
(D) অবরোধবাসিনী

36. 'পতিত পাবন' কাকে বলা হয়েছে?
(A) পুরুষ জাতিকে
(B) সমাজপতিদের
(C) স্ত্রী জাতিকে
(D) ঈশ্বরকে

37. নিউটন আবিষ্কৃত সূত্রের নাম কী?
(A) Law of Gravitation
(B) Law of Philosophy
(C) Law of Science
(D) Law of Phychological

38. 'আলপাকা' কী?
(A) পশম
(B) রং
(C) রেশম
(D) সুতো

39. অগস্ত্য মুনি কর্তৃক সমুদ্র শোষণের অপব্যাখ্যা কে দিয়েছিলেন?
(A) শঙ্কর কবিচন্দ্র
(B) শঙ্কর তর্কচূড়ামণি
(C) শশধর মণি
(D) শশধর তর্কচূড়ামণি

40. 'অপবিজ্ঞান' প্রবন্ধটি কত বঙ্গাব্দে রচিত?
(A) ১৪৩৬ বঙ্গাব্দে
(B) ১৪২০ বঙ্গাব্দে
(C) ১৩৪৬ বঙ্গাব্দে
(D) ১৩৪৩ বঙ্গাব্দে

BENG1051

**3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2024 (CCFUP)**

**Subject : Bengali**

**Course : BENG1051 (SEC)**

**(ব্যাকরণ ও বানানশিক্ষা)**

সময় : ২ ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) সন্ধি বিচ্ছেদ করো :

রত্নাকর, জগদ্ধিতায়

(খ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো :

কুসুমকোমল, গাছপাকা

(গ) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :

এ মেঘে বৃষ্টি হয় না।

(ঘ) সন্ধি করো :

পূর্ণ + ইন্দু, কিম্ + বদন্তি

(ঙ) অব্যয় কাকে বলে? একটি উদাহরণ দাও।

(চ) ব্যাকরণ কাকে বলে?

(ছ) প্রশ্নবোধক বাক্য কাকে বলে উদাহরণ-সহযোগে বুঝিয়ে দাও।

(জ) 'এ' এবং 'ও'-র রোমান হরফ লেখো।

২। *যে-কোনো দু-টি* প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) নিম্নরেখ শব্দগুলির কারক ও বিভক্তি নির্ণয় করো (*যে-কোনো পাঁচটি*) : ১×৫=৫

(অ) সে বাঁধনে তারে বাঁধিল।

(আ) কহিলেন শেষে ক্রূর হাসি হেসে।

(ই) দুধে দই হয়।

(ঈ) সে যুদ্ধে যাবে।

(উ) সে মন্দিরে দেব নাই।

(ঊ) তিনটে শালিক ঝগড়া করে রান্নাঘরের চালে।

(খ) সন্ধি বিচ্ছেদ করো (*যে-কোনো পাঁচটি*) : ১×৫=৫

রসোত্তীর্ণ, ষড়ানন, জ্যোতিরিন্দ্র, উল্লম্ব, নভশ্চর, গবেষণা

(গ) রোমান হরফে লিপ্যন্তর করো (*যে-কোনো পাঁচটি*) : ১×৫=৫

(অ) আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।

(আ) যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।

(ই) একাকী যাব না অসময়ে।

(ঈ) চারিদিকে জীবনের সমুদ্র সফেন।

(উ) তবু সেই টাকাকে যাবে না ছোঁয়া।

(ঊ) আমি পেয়েছি আঁধার রাতে।

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (*যে-কোনো পাঁচটি*) : ১×৫=৫

অহোরাত্র, প্রতিদান, রাজর্ষি, শরণাগত, সমান, তেপান্তর

৩। *যে-কোনো দু-টি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ব্যাকরণের তুলনামূলক পদ্ধতি সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।

(খ) বিশেষণ কাকে বলে? বিশেষণ কয় প্রকার ও কী কী? উদাহরণসহ বিশেষণের প্রকারভেদ সম্পর্কে বুঝিয়ে দাও।

(গ) বাচ্য কাকে বলে? বাচ্য কয় প্রকার ও কী কী? উদাহরণ-সহযোগে বাচ্যের প্রকারভেদ বিশ্লেষণ করো।

(ঘ) বানান অশুদ্ধির কারণগুলি উদাহরণসহ আলোচনা করো।

---